[redacted]

[redacted]

গাংনী পাইলট মাধ্যমিক বিদ্যালয়ের “প্রধান শিক্ষক আফজাল হোসেন লাঞ্ছিত”

চাকুরী দেওয়ার নামে ৬ লাখ টাকা নিয়ে চাকুরী না দেওয়ার অভিযোগ এনে এক প্রধান শিক্ষককে লাঞ্ছিত করেছেন চাকুরী প্রত্যাশী যুবক ও তার লোকজন।

অভিযুক্ত প্রধান শিক্ষক গাংনী পাইলট মাধ্যমিক বিদ্যালয়ের অধ্যক্ষ/প্রধান শিক্ষক আফজাল হোসেন।

গতকাল শুক্রবার দিবাগত রাত অনুমানিক সাড়ে আটটার দিকে গাংনী উপজেলা শহরের হাসপাতাল বাজার এলাকায় এই লাঞ্ছিতের ঘটনা ঘটে।

জানা গেছে, গাংনী উপজেলা শহরের সিনেমা হলপাড়া এলাকার আওয়ামী লীগের প্রবীন নেতা আলাউদ্দিন ওরফে আলার তার ছেলে সায়েম রানার জন্য গাংনী পাইলট মাধ্যমিক বিদ্যালয় ও কলেজের পিওন পদে চাকুরী নেয়ার জন্য প্রায় তিন বছর পূর্বে ৬ লক্ষ টাকা দেন প্রধান শিক্ষক আফজাল হোসেনকে।

কিছুদিন ওই বিদ্যালয়ে সায়েম রানাকে দিয়ে কাজ করান প্রধান শিক্ষক আফজাল হোসেন। তারপর তাকে অজ্ঞাত কারনে তাড়িয়ে দেন।

আওয়ামীলীগ নেতা আলাউদ্দিন জানান, বিষয়টি নিয়ে প্রধান শিক্ষক আফজাল হোসেন ও বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি মোশাররফ হোসেনের সাথে একাধিক বার কথা বলেছি। কিন্তু তারা আমার কথায় কর্ণপাত করেনি। আমার ছেলেকে চাকুরীও দেইনা। ৬ লাখ টাকাও ফেরৎ দেইনা।

আজকে হাসপাতাল বাজারে তাকে ধরে টাকা কবে দেবে সেই কথা বলা হয়েছে। এদিকে এই ঘটনায় হাসপাতাল বাজারে তাৎক্ষণিকভাবে শতশত লোক জড়ো হয়।

এই রিপোর্ট লেখা পর্যন্ত বিদ্যালয়ের প্রধান শিক্ষক আফজাল হোসেনের সাথে তার মোবাইল ফোনে একাধিক বার যোগাযোগের চেষ্টা করা হলেও তাকে পাওয়া যায়নি।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

গাংনীতে ক্লিনিক মালিককে ১ বছর কারাদণ্ড ও ১ লাখ টাকা জরিমানা

মেহেরপুরে হাসিনা প্রাইভেট হাসপাতাল ও গাংনী ডায়াগনস্টিক সেন্টারের মালিক হাফিজুর রহমানকে এক বছর বিনাশ্রম কারাদণ্ড, এক লাখ টাকা জরিমানা ও হাসপাতালটি বন্ধ করে দিয়েছে ভ্রাম্যমান আদালত।

নানা অব্যবস্থাপনা, ক্লিনিকের প্রয়োজনীয় সরঞ্জামাদি না থাকা, মেয়াদ উত্তীর্ণ লাইসেন্স, দক্ষ চিকিৎসক, সেবিকা ও সার্জিক্যাল সরঞ্জামাদি না থাকার অভিযোগে এই দণ্ডাদেশ ও জরিমানা করেন ভ্রাম্যমান আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট ও গাংনী উপজেলা সহকারী কমিশনার (ভূমি) নাদির হোসেন শামীম এই দণ্ডাদেশ দেন।

এসময় মেহেরপুর সিভিল সার্জন ডাক্তার মোহাম্মদ মহী উদ্দিন, গাংনী উপজেলা নির্বাহী অফিসার প্রীতম সাহা, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাক্তার সুপ্রভা রানী, গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্েসের আবাসিক মেডিকেল অফিসার (আরএমও) ডাক্তার আব্দুল্লাহ আল মারুফ, উপজেলা স্বাস্থ্য পরিদর্শক মশিউর রহমান উপস্থিত ছিলেন।

এর আগে মেহেরপুর সিভিল সার্জন ডাক্তার মহী উদ্দিনের নেতৃত্বে জেলা স্বাস্থ্য বিভাগ ও উপজেলা প্রশাসনের উদ্যোগে প্রায় ২ ঘন্টা ব্যাপি ওই ক্লিনিকে অভিযান পরিচালনা করা হয়।

ভ্রাম্যমা আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রট নাদির হোসেন শামীম বলেন, ২০০৯ সালের জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ আই নের ৫২ ধারায় ক্লিনিকের মালিক হাফিজুর রহমানকে এক বছর বিনাশ্রম কারাদণ্ড দিয়ে কারাগারে পাঠানোর নির্দেশ, এক লাখ টাকা জরিমানা ও হাসিনা প্রাইভেট হাসপাতাল ও গাংনী ডায়াগনস্টিক সেন্টারের হাসপাতাল বিভাগ পরবর্তি নির্দেশনা না দেওয়া পর্যন্ত বন্ধ ঘোষণা করেন।

উল্লেখ্য, গত রবিবার (১৭ মার্চ) বিকালে গাংনী উপজেলার দেবিপুর গ্রামের সেলিমের স্ত্রী পান্না খাতুন ভুল চিকিৎসায় মারা যান। পরে গভীর রাত পর্যন্ত নিহতের স্বজনদের সাথে মিটমাট করার জন্য ২ লাখ টাকার বিনিময়ে দফারফার চেষ্টা করেন ক্লিনিক মালিক। এছাড়া সংবাদ পত্র নিউজ বন্ধ করতে দৌড়ঝাঁপ করেন।

গাংনীর হাসিনা প্রাইভেট হাসপাতালে আবারও ভুল চিকিৎসায় প্রসূতির মৃত্যু

হাসিনা প্রাইভেট হাসপাতাল ও গাংনী ডায়াগনস্টিক সেন্টারে আবারও ভুল চিকিৎসায় পান্না খাতুন (২২) নামের এক রোগীর মৃত্যু হয়েছে। পান্না খাতুন গাংনী উপজেলার দেবিপুর গ্রামের মো: সেলিমের স্ত্রী।
এঘটনার পরপরই ওই ক্লিনিকের মালিক হাফিজুল ইসলাম ও চিকিৎসকরা ক্লিনিকটি বন্ধ করে পালিয়ে গেছেন।

তবে এই রিপোর্ট লেখা পর্যন্ত, ক্লিনিকের মালিক হাফিজুল ইসলাম বামন্দী করবী ক্লিনিকে বসে রোগীর স্বজনের সাথে টাকা দিয়ে মিটমাট করার প্রচেষ্টা চালাচ্ছিলেন বলে জানা গেছে।

এই ঘটনায় সিজারকারি চিকিৎসক আবু সালেহ মোহাম্মদ ইমরানের সাথে কথা বলার জন্য তার মোবাইল ফোনে একাধিকবার কল দিলেও ফোন রিসিভ করেননি।

তবে, ক্লিনিক মালিক হাফিজুল ইসলাম মোবাইল ফোনে জানান, সিজারের সময় আমি অপারেশন থিয়েটারে থাকি। পান্না খাতুন ভুল চিকিৎসায় নয়, কার্ডিয়াক অ্যার্টাক্টে মারা গেছেন। নিহত পান্না খাতুনকে এনেসথেসিয়া দেন চিকিৎসক ইমরান হোসেন।

হাসপাতালের রিসিভসনের দায়িত্বে নিয়োজিত পপি খাতুন বলেন, প্রতিষ্ঠানের মালিক হাফিজুল ইসলাম ইফতার করতে বাড়িতে গেছেন। আর আসেনি। ডাক্তার আবু সালেহ মোহাম্মদ ইমরান সিজার করেছেন। এসময় সেবিকা ছিলেন পারুলা খাতুন নামের একজন।

তিনি আরও জানান, নিহত পান্না খাতুন (২২) সকালের দিকে প্রসব বেদনা নিয়ে আমাদের এখানে ভর্তি হন। সকাল আটটা থেকে সাড়ে আটটার মধ্যে তাকে সিজার করা হয়। রোগী ও সন্তান প্রথম দিকে সুস্থ থাকলেও কিছুক্ষণ পর মা অসুস্থ হয়ে পড়েন। পরে রাউন্ডে আসা চিকিৎসক

মাহবুবুর রহমান রিংকু তাকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করেন। সেখানেই নিয়ে যাওয়ার সময় পথের মধ্যে মারা যান তিনি।

একই কথা জানান, ক্লিনিক মালিক হাফিজুল ইসলাম। তিনি বলেন, রোগী প্রথম দিকে সুস্থ থাকলেও পরে অসুস্থ হয়ে পড়েন। চিকিৎসক মাহবুবুর রহমান রিংকু তাকে রেফার্ড করেন।

তবে, চিকিৎসক মাহবুবুর রহমান রিংকু বলেন, আমি রোগীর অবস্থা দেখে স্বজনদের বলেছি রোগী এখানে থাকলে মারা যাবে। দ্রুত উন্নত হাসপাতালে নিয়ে যান। তবে, আমি রেফার্ডের কাগজপত্র কোথাও স্বাক্ষর করিনি। রোগীর কার্ডিয়াক অ্যাট্রাক্ট হয়েছে লিখতে বলেছিলেন মালিক। আমি সেটি লিখিনি।

জানা গেছে, এঘটনার পরপরই হাসপাতালের মালিক হাফিজুল ইসলাম বিষয়টি প্রশাসনের নজর এড়াতে শুরু করেন দৌড়ঝাঁপ। রোগীর স্বজনদের সাথে মিটমাট করতে বামন্দীর করবী ক্লিনিকে বসেন। রোগীর স্বজনদের এক লাখ টাকা দিয়ে মিটমাট করার চেষ্টা চালাচ্ছেন। তবে, এক লাখ টাকা নয় আরও বাড়াতে দর কষাকষি চালাচ্ছিলেন।

একটি সুত্র জানিয়েছে, সরকারি বিধি মোতাবেক বেসরকারি হাসপাতালে প্রয়োজনীয় যন্ত্র পাতি না থাকলেও প্রশাসনকে ম্যানেজ করে অবৈধভাবে চালিয়ে যাচ্ছেন সিজারিয়ান। এখানে দক্ষ সিজারিয়ান ও এনেসথেসিয়া চিকিৎসক, নার্স না থাকলেও ক্লিনিক মালিক হাফিজুল ইসলাম চালিয়ে যাচ্ছেন এই ব্যবসা। ওটি রুমে নিজের থাকার ব্যাপারে হাফিজুল ইসলাম বলেন, আমি ক্লিনিকের মালিক হিসেবে ওটিতে থাকতে পারি। সিজার ঠিকঠাক হচ্ছে কিনা সেটা পর্যবেক্ষণ করি। তিনি আরো বলেন, এর আগে জুগিন্দা গ্রামের একজন রোগী মারা গেছেন। সেটি স্থানীয় ইউপি চেয়ারম্যান আব্দুর রাজ্জাকের মাধ্যমে সমঝোতা করা হয়েছে। এটাও সমঝোতা করে নেবো।

গভীর রাত হওয়ায় স্বাস্থ্য বিভাগ ও জেলা প্রশাসনের কর্তাদের বক্তব্য নেওয়া সম্ভব হয়নি।

গাংনীতে মানবপাঁচার মামলার আসামি গ্রেফতার

মেহেরপুরের র্যাব-১২, সিপিসি-৩ কোম্পানী কমান্ডারের অভিযানে মানবপাঁচার মামলার এজাহারনামীয় পালাতক আসামি মোঃ আমিরুল ইসলাম
(৪২) গ্রেফতার করা হয়েছে।

আজ বৃহস্পতিবার বিকেল ৪ টার দিকে গাংনী উপজেলার সাহারবাটি সাকিনস্থ চারচারা বাজারে অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করা হয়।

গ্রেফতারকৃত আসামি মোঃ আমিরুল ইসলাম (৪২) গাংনী উপজেলার সাহেবনগর গ্রামের মৃত রঞ্জিত মন্ডলের ছেলে।

মেহেরপুর র্যাব-১২, সিপিসি-৩ কোম্পানী কমান্ডার এএসপি মোঃ মনিরুজ্জামান নেতৃতে একটি চৌকষ আভিযানিক দল গাংনী উপজেলার সাহারবাটি সাকিনস্থ চারচারা বাজারে অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করে।

আসামি মোঃ আমিরুল ইসলাম এলাকার বিভিন্ন পর্যায়ের ১৪০-১৫০ জন ছেলের অবিভাবকদের নিকট থেকে ৪,৮০,০০০/- টাকা হতে ৫,০০,০০০/- টাকা নিয়ে ভাল কাজ দিবে বলে মালয়েশিয়ায় পাঠানোর প্রতিশ্রুতি দেয়। মালয়েশিয়ায় পাঠানোর পরে তাদের কাজ না দিয়ে উল্টো তাদের পরিবারের কাছ থেকে মুক্তিপণ দাবি করত। এসময় তাদের পরিবারের লোকজন গাংনী থানার মামলা নং-৩২, তারিখ-২৮/০২/২৪ ইং, ধারা- মানবপাঁচার প্রতিরোধ ও দমন আইন ২০১২ এর ৬/৭/৮/৯ মানবপাঁচার মামলা করে। ঐই মামলায় গ্রেফতারকৃত আসামি মোঃ আমিরুল ইসলামকে ০৪নং আসামী করা হয়।

পরে গ্রেফতারকৃত আসামিকে মামলার তদন্তকারী কর্মকর্তা গাংনী থানা পুলিশের কাছে হস্তান্তর করা হয়েছে।

গাংনী পৌর সুপার মার্কেট নির্মাণ কাজ অনিশ্চিত!

গাংনীর বাজার স্থানান্তর না হওয়ায় থমকে আছে গাংনী পৌর সুপার মার্কেট নির্মাণ কাজ। মার্কেট নির্মাণ না হওয়ায় বিপাকে পড়েছেন ব্যবসায়ী ক্রেতা সাধারণ।

এ নির্মাণ কাজ বাঁধাগগ্রস্থ করতে কৌশলগত ঢাল হিসেবে ব্যবহার করা হচ্ছে গাংনী পাইলট মাধ্যমিক বিদ্যালয়কে। গাংনী বাজারের ব্যবসায়ী ও ক্রেতা সাধারনের দীর্ঘদিনের দাবী যেন মুখ থুবড়ে পড়েছে। তবে দ্রত সমাধান করে মার্কেট নির্মাণ কাজ শুরুর দাবী পৌরবাসীর। পৗর কর্তৃপক্ষ বলছে, হাটটি অন্য কাথাও স্থানান্তর করা না হলে পৌর সুপার মার্কেট নির্মাণ করা সম্ভব হচ্ছে না।

জানাগেছে, ১৬ কোটি টাকা ব্যায়ে নির্মিত হতে যাচ্ছে গাংনী পৌর সুপার মার্কেট। এ নির্মাণ কাজ বাঁধাগ্রস্থ করতে ঢাল হিসেবে ব্যবহার করা হচ্ছে গাংনী পাইলট মাধ্যমিক বিদ্যালয়কে। রাজনৈতিক ষড়যন্ত্রের অংশ হিসেবে গাংনী পাইলট মাধ্যমিক বিদ্যালয় পরিচালনা পরিষদ ও উপজেলা যুবলীগের সভাপতি মোশারফ হোসেন নানা ধরনের কৌশল অবলম্বন করছেন বলে অভিযোগ করেছেন গাংনী পৌরকর্তৃপক্ষ।

এ কাজের প্রমাণ মিলেছে গাংনী উপজেলার প্রাণকেন্দ্রের একমাত্র সাপ্তাহিক হাট ফুটবল মাঠে স্থানান্তরে বাঁধা দেওয়ার মধ্য দিয়ে। এলাকার স্বার্থে ফুটবল মাঠ সংস্কারে পৌর কর্তৃপক্ষের অবদান থাকলেও গাংনী পাইলট মাধ্যমিক বিদ্যালয়ের অবস্থান ঠিক উল্টো। পৌর কর্তৃপক্ষ বলছে, হাটটি অন্য কোথাও স্থানান্তর না করা পর্যন্ত পৌর সুপার মার্কেট নির্মাণ করা সম্ভব হচ্ছে না।

পৌর মেয়র আহমেদ আলী জানায়, স্থানীয় ব্যবসায়ীদের স্বাচ্ছন্দে যাতে ব্যবসা করতে পারে সে জন্য পৌর সুপার মার্কেট নির্মাণের প্রকল্প হাতে নেওয়া হয়। ব্যায় ধরা হয় ১৬ কোটি ২৯ লাখ টাকা। কাজের মেয়াদ কাল প্রায় দুই বছর। এ সময়ে ব্যবসায়ীদের জন্য অস্থায়ী স্থান নির্ধারণ করা হয়।

তহবাজারটিতে স্থানীয় কাচা বাজারে স্থানান্তর করা হয়। সাপ্তাহিক দুটি হাট ফুটবল মাঠে বসানোর জন্য এলাকাতে মাইকিং করা হয়। গতকাল মঙ্গলবার থেকে হাট বসানোর কথা ছিল। সে কাজে বাঁধসাধে গাংনী

পাইলট মাধ্যমিক বিদ্যালয় কর্তৃপক্ষ।

পাইলট মাধ্যমিক বিদ্যালয়ের সভাপতি ও গাংনী উপজেলা যুবলীগ সভাপতি মোশারফ হোসেন বলেন গাংনী পাইলট মাধ্যমিক বিদ্যালয় ও কলেজের প্রভাষক শফি কামাল পলাশ এক সংবাদ সম্মেলনের আয়োজন করেন। এতে হাটটি না বসানোর দাবী জানানো হয়। এখানে জনস্বার্থের কথা বিবেচনা করা হয়নি।

একটি সুত্র বলছে, পৌর মেয়র আহম্মেদ আলীর সাথে রাজনৈতিক মনোদ্বন্দ্ব রয়েছে মোশারফ হোসেনের। একসময় একই বৃত্তে থাকলেও বেশ কিছুদিন যাবত দুজন দু’মেরুতে অবস্থান নেন। এটি প্রকট আকার ধারণ করে দ্বাদশ জাতীয় নির্বাচনে। নৌকা প্রার্থী নাজমুল হক সাগরের পক্ষে নির্বাচনী প্রচারণায় অংশ নেন মেয়র আহম্মেদ আলী। অন্যদিকে স্বতন্ত্র প্রার্থী মকবুল হোসেনের পক্ষ নেন মোশারফ হোসেন ও শফি কামাল পলাশ।

কয়েকজন ব্যবসায়ী জানান, পৌর মার্কেটটি নির্মিত হলে ব্যবসায়ীরা সুন্দর ও স্বাচ্ছন্দে ব্যবসা করতে পারবেন। অথচ সাপ্তাহিক হাটটি স্থানান্তর করা না গেলে মার্কেটটি নির্মাণ করা সম্ভব হবে না। আবার হাটের জন্য অস্থায়ী স্থান নির্ধারণ না করা হলে ব্যবসায়িরা বিপাকে পড়বেন। তারা এখানে ব্যবসা না করতে পারলেও অন্যস্থানে জায়গা করে নিবেন। ফলে হাটটির ভবিষ্যত অনিশ্চিত হয়ে পড়বে। সেই সাথে ক্ষতিগ্রস্থ হবে ইজারদার ও ব্যবসায়ীগন।

জানা গেছে, গাংনী ফুটবল মাঠের জমি গাংনী পাইলট মাধ্যমিক বিদ্যালয়ের একার নয়। ব্যাক্তি মালিকানাধিন বসত ভিটা ছাড়াও স্থানীয় তহশীল অফিসের জমি রয়েছে। কিন্তু মাঠটি নিজেদের বলে দাবী করে জনগনের স্বার্থের কথা না ভেবে অস্থায়ী হাট বসানোয় বাঁধা দেয়া হচ্ছে।

গাংনী পৌর মেয়র আহম্মেদ আলী আরও জানান, ফুটবল মাঠে হাটটি বসানোর কথা ছিল। সেটি বাধা দিচ্ছেন গাংনী পাইলট মাধ্যমিক বিদ্যালয় কর্তৃপক্ষ।

যেহেতু জায়গাটি তাদের তারা পৌরসভাকে বলতে পারতো কিন্তু তা না করে সংবাদ সম্মেলন করে নোংরা রাজনৈতিক পরিচয় দিয়েছেন। তাছাড়া সরকারের উন্নয়ন পরিকল্পিতভাবে বাধাগ্রস্থ করছে। হাটটি কাঁচা বাজার ও র্যাব ক্যাম্প মধ্যবর্তী রাস্তার পাশে বসবে। ইতোমধ্যে মসজিদ কমিটির লোকজনের সাথে কথা হয়েছে। খুব তাড়াতাড়ি ওখানে

সাপ্তাহিক হাট বসানো হবে ও মার্কেট নির্মাণ কাজ শুরু করা হবে।

গাংনীতে আন্তর্জাতিক দূর্যোগ প্রশমন দিবস পালিত

‘ ‘দূর্যোগ প্রস্তুতিতে লড়বো, স্মার্ট সোনার বাংলা গড়বো’’ এই প্রতিপাদ্যে গাংনীতে আন্তর্জাতিক দূর্যোগ প্রশমন দিবস পালিত হয়েছে। এ উপলক্ষে রোববার (১০ মার্চ) সকাল ১০ টায় শোভাযাত্রা ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

গাংনী উপজেলা পরিষদ চত্বর থেকে একটি শোভাযাত্রা বের হয়ে প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে উপজেলা পরিষদ সভা কক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। পরে গাংনী ফুটবল মাঠে এক মোহড়া অনুষ্ঠিত হয়।

উপজেলা প্রশাসন ও দূর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর আয়োজিত আলোচনা সভায় প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (পিআইও) নিরঞ্জন চক্রবর্তীর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন উপজেলা পরিষদ চেয়ারম্যান এমএ খালেক।

আলোচনা সভায় বক্তব্য রাখেন ডাক্তার আদিলা আজহার আরশী, বামন্দি ফায়ার সার্ভিস অ্যান্ড সিভিল ডিফেন্সের টিম লিডার ইসাহক আলী।

এসময় সরকারী বেসরকারী বিভিন্ন দপ্তরের কর্মকর্তা কমর্চারীগণ উপস্থিত ছিলেন।

গাংনীর দুটি ইউপিতে ৩টি

[redacted]

[redacted]

আলী গত বছরের অক্টোবর মাসে এবং ষোলটাকা ইউনিয়নের ১ নং ওয়ার্ডের মেম্বার ইদ্রিস আলী চলতি বছরের জানুয়ারী মাসে মৃত্যুবরণ করলে, আসন তিনটি শূণ্য হয়।

গাংনীতে জেএনএনপিএফের সহযোগিতায় শিশু বিবাহ প্রতিরোধ সেমিনার

গাংনী উপজেলার চিৎলা মাধ্যমিক বিদ্যালয়ে মানব উন্নয়ন কেন্দ্র (মউক) এর আয়োজনে এবং জাতীয় নারী নির্যাতন প্রতিরোধ ফোরাম (জেএনএনপিএফ) এর সহযোগিতায় শিশু বিবাহ প্রতিরোধ সেমিনার অনুষ্ঠিত হয়।

আজ বুধবার (৬ মার্চ) সকাল ১০টার সময় চিৎলা মাধ্যমিক বিদ্যালয়ের হলরুমে এ সেমিনার অনুষ্ঠিত হয়। সেমিনারে সভাপতিত্ব করেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ আক্কাস আলী।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাংনী উপজেলা নিবার্হী কর্মকর্তা প্রীতম সাহা। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সহকারী প্রধান শিক্ষক মোঃ নজরুল ইসলাম, সিনিয়র শিক্ষক মোঃ রফিকুল ইসলাম ও সহকারী শিক্ষক সাধন কুমার মন্ডল ।

অনুষ্ঠানে পারিবারিক সহিংসতা প্রতিরোধ প্রকল্পের বাৎসরিক কার্যক্রম রিপোর্ট উপস্থাপন করেন মানব উন্নয়ন কেন্দ্র (মউক) কের প্রোগ্রাম ম্যানেজার মোছাঃ ফাহিমা আক্তার।

এ ছাড়াও সেমিনারে মেহেরপুর জেলার বর্তমান পারিবারিক সহিংসতা সহ শিশু বিবাহ প্রতিরোধ বিষয়ক বিভিন্ন তথ্যবহুল আলোচনা হয়।